# এনসিপির চট্টগ্রাম মহানগর কমিটি থেকে ২২ নেতাকর্মীর পদত্যাগ

সংগৃহীত ছবি

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) চট্টগ্রাম মহানগর আহ্বায়ক কমিটি ঘোষণার একদিনের মাথায় একযোগে ২২ জন নেতাকর্মী পদত্যাগ করেছেন। নতুন কমিটি ঘোষণার পরপরই এ ঘটনায় স্থানীয় রাজনীতিতে আলোচনা তৈরি হয়েছে।

বৃহস্পতিবার (১৪ মে) ১৬৮ সদস্যের কমিটি ঘোষণা করা হয়, যেখানে মীর মোহাম্মদ শোয়াইব আহ্বায়ক এবং আরিফ মঈনুদ্দীন সদস্যসচিব হিসেবে দায়িত্ব পান। এর পরদিনই পদত্যাগের বিষয়টি নিশ্চিত করেন কমিটির দপ্তর সম্পাদক মোহাম্মদ রাফসান জানি রিয়াজ।

পদত্যাগকারীদের অভিযোগ, কমিটিতে অযোগ্য ও বিতর্কিত ব্যক্তিদের গুরুত্বপূর্ণ পদ দেওয়া হয়েছে। পাশাপাশি কয়েকজন নেতার বিরুদ্ধে চাঁদাবাজি, পদ বাণিজ্য, নারী কেলেঙ্কারি ও মামলা বাণিজ্যের মতো গুরুতর অভিযোগও তোলা হয়।

LENS ASIA

পদত্যাগ করা নেতারা জানান, ত্যাগী ও সক্রিয় কর্মীদের যথাযথ মূল্যায়ন করা হয়নি। সংগঠনের ভেতরে অনিয়ম ও অনৈতিক চর্চার কারণে তারা হতাশ বলে উল্লেখ করেন তারা।

পদত্যাগকারীদের মধ্যে রয়েছেন একাধিক যুগ্ম আহ্বায়ক, যুগ্ম সদস্যসচিব, সহ-সাংগঠনিক সম্পাদকসহ বিভিন্ন পর্যায়ের নেতা। তারা ভবিষ্যতে ন্যায়ভিত্তিক ও স্বচ্ছ রাজনৈতিক চর্চার পক্ষে কাজ চালিয়ে যাওয়ার কথা জানিয়েছেন।